

# আপনি কি উদ্ভিগ্ন যে আমরা আপনার উদ্বেগের বিষয়টি শুনিনি?



হাসপাতালে চিকিৎসাধীন কোনো গর্ভবতী বা নতুন মাকে নিয়ে  
যদি কারো কোনো উদ্বেগ থাকে, তবে তাদের জন্য তথ্য।

## মার্থাস রুল কী

মার্থাস রুল হলো এমন যে কারো জন্য একটি রোগী নিরাপত্তা পরিষেবা, যিনি নিজে অথবা হাসপাতালে চিকিৎসাধীন তার কোনো প্রিয়জনকে নিয়ে চিন্তিত বা উদ্বেগ। এর মধ্যে কোনো গর্ভবতী বা যিনি সম্প্রতি সন্তান জন্ম দিয়েছেন তাকে নিয়ে উদ্বেগ বা আশঙ্কাও অন্তর্ভুক্ত রয়েছে।

আপনার কোনো প্রিয়জন যদি হঠাৎ অসুস্থ বোধ করেন, তবে অবিলম্বে আপনার ওয়ার্ড টিমের কাছ থেকে সাহায্যের জন্য কল করুন।

## মার্থাস রুল পরিষেবাটি কারা পরিচালনা করেন?

মার্থাস রুল মূলত বিশেষজ্ঞ নার্সদের একটি দল দ্বারা পরিচালিত হয়, যারা আপনার উদ্বেগগুলো সমাধানের জন্য মেটারনিটি অর্থাৎ মাতৃত্বকালীন সেবা টিমের সাথে যৌথভাবে কাজ করবেন।

গুরুতর অসুস্থ মানুষের সেবায় ওয়ার্ডের কর্মীদের সহায়তা করার জন্য এই দলটি 24 ঘণ্টানিয়োজিতথাকে। এই ব্যক্তির অবস্থার মধ্যে কোনো লক্ষণীয় পরিবর্তন দেখা দিলে এই দলটি টেলিফোনের মাধ্যমে সাহায্য করতে পারে এবং আপনার উদ্বেগ বা আশঙ্কার বিষয়ে সংশ্লিষ্ট কনসালটেন্ট ও মিডওয়াইফারি টিমের সাথে আলোচনা করতে পারে।



## কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন

- যখন কোনো গর্ভবতী/মায়ের অবস্থার একটি উল্লেখযোগ্য পরিবর্তনঘটে এবং ওয়ার্ড টিমের সাথে আলোচনা করার পরেও আপনার উদ্বেগগুলোর কোনো সমাধান করা না হয়।
- ওয়ার্ডের মিডওয়াইফ বা ডাক্তারদের সাথে আলোচনা করার পরেও যদি আপনার চিকিৎসা সংক্রান্ত উদ্বেগ বা আশঙ্কা অব্যাহত থাকে।

## কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন না

- মার্থাস রুল হলো একটি রোগী নিরাপত্তা পরিষেবা। এটি বিছানা, রুম, খাবার বা পার্কিংয়ের সমস্যার মতো সাধারণ সমস্যাগুলোর অভিযোগ জানানোর জন্য ব্যবহার করা উচিত নয়।
- মার্থাস রুল কোনো চিকিৎসা সংক্রান্ত নিয়মিত তথ্য বা সাধারণ দ্বিতীয় মতামতের জন্য নয়।

এই সমস্যাগুলো নিয়ে আলোচনা করার জন্য অনুগ্রহ করে কোনো স্টাফ সদস্য, ইন-চার্জ নার্স-এর সাথে কথা বলুন অথবা ওয়ার্ড ম্যানেজার বা ম্যাট্রন-এর খোঁজ করুন।

## মার্থাস রুল পরিষেবা এবং একটি সাধারণ দ্বিতীয় মতামতের মধ্যে পার্থক্য

মার্থাস রুল পরিষেবাটি তীব্র বা আকস্মিক শারীরিক অবনতির অর্থাৎ অ্যাকিউট ডিটেরিওনেশন জন্য। রোগীর অবস্থা ক্রমাগত খারাপ হতে থাকলে এবং ওয়ার্ডের টিমের কাছে উদ্বেগ প্রকাশ করার পরেও যদি তার কোনো সমাধান না হয়, তবে পর্যালোচনার অনুরোধ করার জন্য এটি হাসপাতালের কর্মী, ভর্তি থাকা রোগী বা তাদের বন্ধু/পরিবারের জন্য তৈরি করা হয়েছে।

### মার্থাস রুল পরিষেবার সাথে কীভাবে যোগাযোগ করবেন

মার্থাস রুল পরিষেবা টেলিফোন নম্বর: **07775 821211**

- উপরে দেওয়া নম্বরে সরাসরি কল করুন।
- অনুগ্রহ করে একটি মেসেজ রেখে যান এবং যত দ্রুত সম্ভব আপনাকে কল ব্যাক করা হবে
- অনুগ্রহ করে মনে রাখবেন যে, টিমটি নির্দিষ্ট করে কখন কল-ব্যাক করবে তা জানাতে পারবে না, কারণ তারা অন্য রোগীদের সঙ্গে ব্যস্ত থাকতে পারেন। তবে, টিম, যত দ্রুত সম্ভব তারা আপনাকে কল-ব্যাক করবে।

### আপনি যখন কল করবেন তখন আমাদের যা জানা প্রয়োজন

1. যে ব্যক্তিকে নিয়ে আপনি চিন্তিত তার নাম
2. সে কোন ওয়ার্ডে আছে
3. আপনার উদ্বেগ বা আশঙ্কার একটি সংক্ষিপ্ত বিবরণ
4. আপনার যোগাযোগের বিবরণ এবং ব্যক্তির সাথে আপনার সম্পর্ক



## এর পরে কী হবে?

মার্থাস রুল টিমের একজন সদস্য আপনার কলটি রিসিভ করবেন। টিম যা করতে পারে:

- টেলিফোনের মাধ্যমে সহায়তা এবং পরামর্শ দিতে পারে।
- আপনার উদ্বেগ বা আশঙ্কাগুলো নিয়ে আলোচনা করতে সরাসরি ওয়ার্ডে এসে ওয়ার্ড টিমের সাথে কথা বলতে পারেন।
- পরবর্তী পরামর্শ ও সহায়তার জন্য ইন-চার্জ মিডওয়াইফ বা লেবার ওয়ার্ড কোঅর্ডিনেটর এবং অবস্টেট্রিক টিমের সাথে যোগাযোগ করুন।

ওয়ার্ড টিমের সাথে আলোচনা করার আগে মার্থাস রুল টিম সংশ্লিষ্ট ব্যক্তির সম্মতি নেবে এবং তারপরে আপনাকে সর্বশেষ তথ্য জানাবে।



আপনি যদি এই লিফলেটটি ইমেইল আকারে, বড় অক্ষরে, ব্রেইল পদ্ধতিতে বা অন্য কোনো ভাষায় পেতে চান, তবে অনুগ্রহ করে 01225 825656 নম্বরে পেশেন্ট সাপোর্ট অ্যান্ড কমপ্লেনটস টিমের সাথে যোগাযোগ করুন।

Royal United Hospitals Bath NHS Foundation Trust  
Combe Park, Bath, BA1 3NG

01225 428331 | [www.ruh.nhs.uk](http://www.ruh.nhs.uk)

প্রকাশের তারিখ: মার্চ 26 | রেফারেন্স: RUH CCM/014

© Royal United Hospitals Bath NHS Foundation Trust